

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসক, নেত্রকোণা

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচন অগ্রাধিকার

অতীব জরুরী

নং-০৫.৪৫.৭২০০.০০৫.৪০.০০১.২০২৩-৯২৮

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি শাহেদ পারভেজ, জেলা প্রশাসক, নেত্রকোণা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩ / ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১৫৭ নেত্রকোণা-১ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯.০০টা হতে বিকাল ০৪.০০টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কলমাকান্দা/দুর্গাপুর) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখঃ ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর


(শাহেদ পারভেজ)
জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
রিটার্নিং অফিসার
১৫৭ নেত্রকোণা-১
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নং-০৫.৪৫.৭২০০.০০৫.৪০.০০১.২০২৩ - ৯২৮

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ৬। পুলিশ সুপার, নেত্রকোণা
- ৭। অধিনায়ক, নেত্রকোণা ব্যাটালিয়ন (৩১ বিজিবি), নেত্রকোণা
- ৮। জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা
- ৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নেত্রকোণা
- ১০। জেলা তথ্য অফিসার, নেত্রকোণা (তৌকে গণ-বিজ্ঞপ্তি নির্বাচনি এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা/দুর্গাপুর, নেত্রকোণা ও সহকারী রিটার্নিং অফিসার (তৌকে গণ-বিজ্ঞপ্তি নির্বাচনি এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)
- ১২। অধিনায়ক, র্যাব-১৪, ময়মনসিংহ
- ১৩। উপজেলা নির্বাচন অফিসার, কলমাকান্দা/দুর্গাপুর, নেত্রকোণা (তৌকে গণ-বিজ্ঞপ্তি নির্বাচনি এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)
- ১৪। অফিসার ইনচার্জ, কলমাকান্দা/দুর্গাপুর থানা, নেত্রকোণা
- ১৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কলমাকান্দা/দুর্গাপুর, নেত্রকোণা
- ১৬। সভাপতি/সম্পাদক জেলা প্রেসক্লাব, নেত্রকোণা
- ১৭। নোটিশ বোর্ড


জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
রিটার্নিং অফিসার
১৫৭ নেত্রকোণা-১
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন